DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 02:31 AM

সারাদেশ

# বাড়ি ফেরার পথে অপহরণের শিকার ডুয়েট শিক্ষার্থী, মুক্তিপণ দিয়ে উদ্ধার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: সোমবার, ২৭ জুলাই ২০২৬, ০৯:২৫ AM



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) স্থাপত্য বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী আরিফুল হক নাহিদ বাড়ি ফেরার পথে অপহরণের শিকার হয়েছেন। অপহরণকারীরা তাঁর দুটি মোবাইল ফোন, একটি ল্যাপটপ ও নগদ অর্থ ছিনিয়ে নেওয়ার পাশাপাশি পরিবারের কাছ থেকে মুক্তিপণ আদায় করে তাঁকে ছেড়ে দেয়।

পরিবার ও অভিযোগ সূত্রে জানা গেছে, গত বৃহস্পতিবার বিকেল সাড়ে ৫টার দিকে গাজীপুরে ডুয়েট ক্যাম্পাস থেকে ব্রাহ্মণবাড়িয়ার উদ্দেশে রওনা দেন নাহিদ। পথে নরসিংদীর শিবপুর এলাকায় তিনি অপহরণের শিকার হন। অপহরণকারীরা তাঁর সঙ্গে থাকা দুটি মোবাইল ফোন, যার একটি আইফোন, একটি ল্যাপটপ ও নগদ অর্থ ছিনিয়ে নেয়। এ সময় তাঁকে শারীরিকভাবে নির্যাতনও করা হয়।

এ ঘটনায় ২৩ জুলাই রাতে নাহিদের বড় ভাই বাদী হয়ে নরসিংদীর শিবপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।

অভিযোগে বলা হয়েছে, অপহরণের পর দুর্বৃত্তরা পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ করে তিন লাখ টাকা মুক্তিপণ দাবি করে। পরে দর-কষাকষির একপর্যায়ে বিকাশ ও নগদের মাধ্যমে এক লাখ ২০ হাজার টাকা পাঠানো হলে সেদিন রাত সাড়ে ৯টার দিকে নাহিদকে ছেড়ে

দেওয়া হয়।

বর্তমানে তিনি ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতালে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়িতে বিশ্রামে রয়েছেন। পরিবারের সদস্যরা জানিয়েছেন, নির্যাতনের কারণে তাঁর সারা শরীরে ব্যথা রয়েছে। চিকিৎসকের পরামর্শে তিনি বিশ্রাম নিচ্ছেন।

আরিফুল হক নাহিদ ব্রাহ্মণবাড়িয়া থেকে প্রকাশিত দৈনিক আজকের হালচাল পত্রিকার প্রতিষ্ঠাতা প্রয়াত আবেদুল হক আবেদের দ্বিতীয় সন্তান।

ঘটনাটি জানাজানি হওয়ার পর ডুয়েটের শিক্ষার্থীদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। তারা দ্রুত ঘটনার সুষ্ঠু তদন্ত করে জড়িতদের শনাক্ত ও আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন।

এ বিষয়ে জানতে চাইলে নরসিংদীর শিবপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বলেন, "এ ঘটনায় একটি লিখিত অভিযোগ পেয়েছি। বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করা হচ্ছে এবং জড়িতদের শনাক্তে পুলিশের একাধিক দল কাজ করছে।"

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**
নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/bari-ferar-pthe-ophrner-shikar-duyet-shiksharthi-muktipn-diye-uddhar